

চতুর্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিস্ফোরক পরিদপ্তরের কর্ম-পরিকল্পনা

আঠারো শতকের শেষার্ধ্বে শিল্পোৎপাদনের ক্ষেত্রে ইংল্যান্ডে যে শিল্প বিপ্লব শুরু হয় তা বিশ্ব অর্থনীতির গতিপথ বদলে দেয়। বর্তমান পৃথিবীতে কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক চতুর্থ শিল্প বিপ্লব 'Industry 4.0' নামে ব্যাপকভাবে পরিচিতি। চতুর্থ শিল্প বিপ্লবটির অন্যতম স্তম্ভ হলো 'জ্ঞান ও কৃত্রিম বুদ্ধিমত্তা'ভিত্তিক কম্পিউটিং প্রযুক্তি। রোবটিক্স, ন্যানো প্রযুক্তি, ডাটা সায়েন্স ইত্যাদি প্রযুক্তি প্রতিনিয়ত চতুর্থ শিল্প বিপ্লবকে এগিয়ে নিয়ে যাচ্ছে। চতুর্থ শিল্প বিপ্লবের প্রভাব সবচেয়ে বেশি পড়বে কর্মবাজারে। অটোমেশন প্রযুক্তির ফলে যন্ত্রনির্ভর হয়ে পড়বে অধিকাংশ অফিস-আদালত।

সরকারের নির্দেশনা মোতাবেক বিস্ফোরক পরিদপ্তর চতুর্থ শিল্প বিপ্লবের আসন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় বিভিন্ন সমন্বয়পযোগী নীতি ও ব্যবস্থা গ্রহণ করেছে। চতুর্থ শিল্প বিপ্লবের সাথে তাল মিলিয়ে চলতে হলে দক্ষ জনবলের পাশাপাশি দপ্তরে উন্নত প্রযুক্তির সন্নিবেশ ঘটানো প্রয়োজন। বিস্ফোরক পরিদপ্তর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের অংশ হিসেবে চতুর্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় স্বল্প মেয়াদী এবং দীর্ঘ মেয়াদী কর্ম-পরিকল্পনা প্রণয়ন করেছে।

স্বল্প মেয়াদী পরিকল্পনা (১ বছর মেয়াদী):


- অত্র দপ্তরের ৪২ ধরনের নাগরিক সেবার মধ্যে ৫ টি সেবা অনলাইন করা আছে। অধিকাংশ সেবাই অফলাইনে সম্পাদিত হচ্ছে। এটুআই পরিচালিত MyGov প্ল্যাটফর্মের সাথে যুক্ত হওয়ার জন্য কার্যক্রম গ্রহণ করা হলে অত্র দপ্তরের অধিকাংশ সেবা সম্পূর্ণ ডিজিটাইজড হবে এবং সেবাগ্রহীতাগণ সহজেই ঘরে বসে সেবা পাবেন।
- ইতিমধ্যেই অত্র দপ্তরের লাইসেন্সের নবায়ন কার্যক্রম সম্পূর্ণ অনলাইনে সম্পাদিত হচ্ছে। তাছাড়া অত্র দপ্তর কর্তৃক প্রদত্ত ৪২ ধরনের নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সকল সেবা ক্রমান্বয়ে ডিজিটাল প্ল্যাটফর্মে আনয়ন।
- বিদ্যমান সেবাধারীদের হার্ডফাইলের নথিসমূহ ম্যানুয়াল হতে ক্রমান্বয়ে ডিজিটালকরণ।
- অত্র দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের চতুর্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করণ।
- ওয়েবসাইটে বিভিন্ন তথ্যাবলী নিয়মিত হালনাগাদ করা হয় এবং তা চালু রাখা।
- আবেদনকারীর চূড়ান্ত অনাপত্তিপত্র/লাইসেন্স/নবায়নের কপিতে QR Code এর ব্যবস্থা গ্রহণ এবং তা আরও আধুনিক ও প্রযুক্তিবান্ধব করা।

দীর্ঘ মেয়াদী পরিকল্পনা (২-৫ বছর মেয়াদী):

- বিস্ফোরক পরিদপ্তরে কোনো আইটি সংশ্লিষ্ট জনবল নাই। নাগরিক সেবাসহ অন্যান্য সেবা ডিজিটলাইজ করা ও ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলার জন্য আইটি সংশ্লিষ্ট জনবলের প্রয়োজনীয়তার কথা ভেবে খসড়া সাংগঠনিক কাঠামোতে সদর দপ্তরে ১৮ জন আইটি জনবল এবং বিভাগীয় অফিসে সহকারী প্রোগ্রামারের পদের প্রস্তাব করা হচ্ছে। নতুন প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো অনুমোদন হলে আইটি সেলের মাধ্যমে অটোমেশন প্রক্রিয়া সচল রাখা ও তথ্যের সুরক্ষা নিশ্চিত করা যাবে, বিদ্যমান প্রযুক্তির যন্ত্রগুলো আপডেট করার পাশাপাশি প্রযুক্তির নিরাপত্তা ঝুঁকি আপডেটের মাঝে সমন্বয় সাধনের জন্য কেন্দ্রীয়ভাবে ব্যবস্থা করা যাবে। প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোতে সিস্টেম এনালিস্ট, মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামারের সমন্বয়ে আইটি সেল রয়েছে।

- বিস্ফোরক পরিদপ্তরের আওতাভুক্ত যে কোন বিপজ্জনক পদার্থসহ সিলিন্ডার এবং গ্যাসাধার আমদানির ক্ষেত্রে অনলাইন ডাটাবেইজ তৈরী করা। ফলে দেশে আমদানীকৃত/বিদ্যমান/ব্যবহৃত বিপজ্জনক পদার্থের পরিমাণ, মেয়াদোত্তীর্ণ ও বিনষ্টকৃত সিলিন্ডার এবং গ্যাসাধার সম্পর্কে হালনাগাদ তথ্য পাওয়া সম্ভব হবে।
- দেশে তৈরীকৃত বিভিন্ন কোম্পানীর এলপিগি সিলিন্ডারের সিরিয়াল নং ও প্রস্তুতের তারিখ, পরীক্ষণ তারিখ, পরবর্তী পরীক্ষণ তারিখ সম্পর্কিত তথ্য অনলাইনে প্রদান ও ডাটাবেইজ প্রস্তুতকরণ।
- পরিদর্শনের ক্ষেত্রে ডিজিটাললাইজড পদ্ধতির সহযোগিতা নিতে হবে। সময় ও শ্রম কমিয়ে এবং নির্ভুল পরিদর্শন নিশ্চিত করতে হবে।
- দেশে বিদ্যমান মজুদাগারের অবস্থান ও পারিপার্শ্বিত চিত্র সম্পর্কিত তথ্যাবলী নকশা দেখে নির্ভুলভাবে যাচাইকরণের জন্য আবেদনপত্রে জিপিএস লোকেশন নিতে হবে।

উপরোক্ত স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী কর্ম পরিকল্পনা বাস্তবায়ন করার মাধ্যমে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিস্ফোরক পরিদপ্তর সক্ষমতা অর্জন করতে সহায়ক হবে।


 ২৭/১০/১৯
 মোহা: নায়ের আলী
 যুগ্মসচিব (সংশোধন-২)
 প্রধান বিস্ফোরক পরিদর্শক